

সহীহ মুসলিম (হাদীস একাডেমী)

হাদিস নাম্বারঃ ২৫৫৪ [আন্তর্জাতিক নাম্বারঃ ১১৩৩]

১৪। সিয়াম (রোযা) (کتاب الصیام)

পরিচ্ছেদঃ ২০. আশুরা উপলক্ষে কোন দিন সিয়াম রাখা হবে

باب أَيُّ يَوْمٍ يُصنامُ فِي عَاشُورَاءَ

আরবী

وَحَدَّتَنَا أَبُو بَكْرِ بْنُ أَبِي شَيْبَةَ، حَدَّتَنَا وَكِيعُ بْنُ الْجَرَّاحِ، عَنْ حَاجِبِ بْنِ عُمَرَ، عَنِ الْحَكَمِ بْنِ الْأَعْرَجِ، قَالَ انْتَهَيْتُ إِلَى ابْنِ عَبَّاسٍ _ رضى الله عنهما _ وَهُوَ مُتَوَسِّدٌ رِدَاءَهُ فِي بْنِ الْأَعْرَجَ، قَالَ انْتَهَيْتُ إِلَى ابْنِ عَبَّاسٍ _ رضى الله عنهما _ وَهُوَ مُتَوَسِّدٌ رِدَاءَهُ فِي زَمْزَمَ فَقُلْتُ لَهُ أَخْبِرْنِي عَنْ صَوْمٍ عَاشُورَاءَ. فَقَالَ إِذَا رَأَيْتَ هِلاَلَ الْمُحَرَّمِ فَاعْدُدْ وَأَصْبِحْ يَوْمَ التَّاسِعِ صَائِمًا . قُلْتُ هَكَذَا كَانَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم يَصنُومُهُ قَالَ نَعَمْ .

বাংলা

২৫৫৪-(১৩২/১১৩৩) আবৃ বকর ইবনু আবৃ শয়রবাহ্ (রহঃ) হাকাম ইবনু আ'রাজ (রহঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি ইবনু আব্বাস (রাযিঃ) এর কাছে পৌঁছলাম। এ সময় তিনি যমযমের কাছে চাঁদর বিছানো অবস্থায় বসা ছিলেন। তখন আমি তাকে বললাম, আমাকে আশুরা দিবসের সিয়াম (রোজা/রোযা) পালন সম্পর্কে সংবাদ দিন। উত্তরে তিনি বললেন, মুহররম মাসের চাঁদ দেখার পর তুমি এর তারিখগুলো গুণে রাখবে। এরপর নবম তারিখে সওম অবস্থায় তোমার যেন ভোর হয়। তখন আমি তাকে জিজ্ঞেস করলাম, রস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কি সেদিন সিয়াম (রোজা/রোযা) পালন করেছেন? তিনি বললেন, হ্যাঁ, করেছেন। (ইসলামিক ফাউন্ডেশন ২৫৩১, ইসলামীক সেন্টার ২৫৩০)

English

Hakam b. al-'Araj reported:

I went to Ibn 'Abbas (Allah be Pleased with both of them) and he was reclining using his mantle as a pillow near the fountain of Zamzam. I said to him: Tell me about fasting on Ashura. He said: When you see the new moon of Muharram then count the (days) and observe fast on the 9th. I said to him: Is it how the Messenger of Allah () observed the fast? He said: Yes.



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ হাকাম ইবনু আরাজ (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন